একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm .gov.bd

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৭১.১৯-৩০৫ তারিখঃ ২১ /০৮/২০২২ খ্রিঃ

অফিস আদেশ

যেহেতু, মোঃ আরিফ আহমেদ, পিতাঃ কবির আহমেদ, অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক, মূল কর্মস্থল-দিনাজপুর নার্সিং কলেজ, দিনাজপুর, সংযুক্তিতে- লালমনিরহাট নার্সিং কলেজ, লালমনিরহাট (সাবেক কর্মস্থল-নার্সিং ইনস্টিটিউট, মুন্সিগঞ্জ) নার্সিং ইনস্টিটিউট, মুন্সিগঞ্জে কর্মরত থাকাকালীন ৪৯ দিন এবং লালমনিরহাট নার্সিং কলেজ, লালমনিরহাটে ০৩/০২/২০২১ খ্রিঃ তারিখ হতে ১৯/০২/২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত ৩৫৪ দিন সর্বমোট ৪০৩ দিন অনুপস্থিত ছিলেন;

২। যেহেতু, অভিযুক্তের বিরুদ্ধে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর কর্তৃক ২৫/১১/২০২০ খ্রিঃ তারিখের ২৪৪ নং স্মারকে তদন্ত কমিটি গঠন করা হয়। তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন মতে নার্সিং ইনস্টিটিউট, মুন্সিগঞ্জে কর্মরত থাকাকালীন ৪৯ দিন কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগ সত্য;

৩। যেহেতু, লালমনিরহাট নার্সিং কলেজ, লালমনিরহাটে গত ২৫/০৩/২০২১ খ্রিঃ তারিখ হতে অনুপস্থিত থাকার কারণে স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক কৈফিয়ত তলব করা হলেও তিনি কৈফিয়ত তলবের জবাব দাখিল করেননি;

৪। যেহেতু, এ অধিদপ্তর হতে ০৮/১২/২০২১ খ্রিঃ তারিখের ৪৯৭ নং স্মারকে ০৪৩/২০২১ নং বিভাগীয় মামলা রুজু করা হয়। উক্ত বিভাগীয় মামলায় ১৩/০২/২০২২ খ্রিঃ তারিখে দাখিলকৃত জবাব এর প্রেক্ষিতে ৩১/০৫/২০২২ খ্রিঃ তারিখে অভিযুক্তের ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

৫। যেহেতু, অভিযুক্তের ব্যক্তিগত শুনানি এবং ব্যক্তিগত নথি পর্যালোচনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) বিধিতে বর্ণিত ''পলায়ন '' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে। যেহেতু তিনি তার ভুলের জন্য ক্ষমা প্রার্থনা করেছেন।

৬। সেহেতু, মোঃ আরিফ আহমেদ, পিতাঃ কবির আহমেদ, অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক, মূল কর্মস্থল-দিনাজপুর নার্সিং কলেজ, দিনাজপুর, সংযুক্তিতে-লালমনিরহাট নার্সিং কলেজ, লালমনিরহাট (সাবেক কর্মস্থল-নার্সিং ইনস্টিটিউট, মুন্সিগঞ্জ) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৪(২)(খ) বিধি অনুযায়ী অভিযুক্তের বিরুদ্ধে ০১ (এক) টি বার্ষিক বর্ধিত বেতন ০৪ (চার) বছরের জন্য স্থগিত রাখার লঘুদন্ড প্রদান করা হলো। শাস্তির মেয়াদ শেষে কোনো বকেয়া পাবেন না এবং এই মেয়াদে বার্ষিক বেতন বৃদ্ধির জন্য গণনা করা হবে না।

সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
ই-মেইলঃ info@dgnm.gov.bd

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৭১.১৯-৩০৫ তারিখঃ ২১/০৮/২০২২ খ্রিঃ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে

১। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।

২। পরিচালক (প্রশাসন), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

৩। ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, দিনাজপুর।

৪। অধ্যক্ষ, নার্সিং কলেজ, লালমনিরহাট/ দিনাজপুর।

৫। সহকারী পরিচালক (পিএমআইএস), এ অধিদপ্তর। (আদেশটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য)

৬। নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ, নার্সিং ইনস্টিটিউট, মুন্সিগঞ্জ।

৭। জনাব মোঃ আরিফ আহমেদ, পিতাঃ কবির আহমেদ, অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক, লালমনিরহাট নার্সিং কলেজ, লালমনিরহাট।

৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

২১/৮/২২

মোঃ রশিদুল মান্নাফ কবীর
(উপসচিব)
পরিচালক (শিক্ষা ও শৃঙ্খলা)
ফোনঃ ০২-৪১০৮০৪১৭